

হাজীগঞ্জের ৩০ গ্রামে প্রাথমিক স্কুল নেই

■ হাজীগঞ্জ (চাঁদপুর) মহোদয়
হাজীগঞ্জ উপজেলায় ২৫ গ্রামে ও হাজীগঞ্জ পৌরসভার ৪টি ওয়ার্ডের প্রাথমিক
বিদ্যালয় নেই। এতে হাজীগঞ্জ উপজেলার প্রাথমিক শিক্ষার হার কাল্পিত পর্যায়ে
পৌছতে বাধাগ্রস্ত হচ্ছে।
হাজীগঞ্জ উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসের মেওয়া তথ্য মতে রাকারগাঁও
ইউনিয়নে ৩টি, বাকিলা ইউনিয়নে ৩টি, কালচৌ ইউনিয়নের ২টি, কালচৌ ২টি,
হাজীগঞ্জ সদর ইউনিয়নের ১টি, বড়কুল ইউনিয়নের ৪টি, বড়কুল পশ্চিম ইউনিয়নে
৩টি, হাটলা ইউনিয়নের ১টি, হাটলা ইউনিয়নের ৩টি, গুরুবাগুর ইউনিয়নে ১টি,
গুরুবাগুর ইউনিয়নে ১টি গ্রামে, হাজীগঞ্জ পৌরসভার দক্ষিণাংশে ১টি, ১০নং
ওয়ার্ডে ১টি এবং ১২নং ওয়ার্ডে কোন সরকারি বা বে-সরকারি কিংবা কমিউনিটি
প্রাথমিক বিদ্যালয় নেই।
হাজীগঞ্জ উপজেলার প্রাথমিক শিক্ষা কর্তৃক আনুল আউয়াল জানান,
প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ থেকে যখন স্কুল বিহীন গ্রামে তথ্য চাওয়া হয় তখন
উপজেলা অফিস তা সরবরাহ করে থাকে।